# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd

নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩৪০.২১-৪৩৯

তারিখঃ ১৫-০৮-১৪৩০ বঙ্গাঃ
৩০-১১-২০২৩ খ্রিঃ

## দপ্তরাদেশ

জনাব মোঃ বাদশা মোল্লা (আইডি নং-৬৪০৪০১০০৪)(পিআরএল ভোগরত), স্পীড বোট ড্রাইভার, শিমরাইল পানি বিজ্ঞান উপ-বিভাগ, বাপাউবো, শিমরাইল, নারায়ণগঞ্জ এর বিরুদ্ধে (ক) প্রবাহ পরিমাপ চলাকালীন সময়ে প্রায়ই কর্মকর্তাদের সামনে প্রকাশ্যে ধুমপান করা এবং কমকর্তাদের সাথে বিভিন্ন সময় অশোভন আচরণ ও কথাবার্তা বলা, এমনকি নিজ দপ্তরের (নির্বাহী প্রকৌশলী. নির্মাণ ও যন্ত্রায়ণ বিভাগ) উর্ধ্বতন কর্মকর্তাদেরকে গালি-গালাজ করা, (খ) সার্ভের দিন ছাড়া অন্যান্য দিনগুলোতে কর্মস্থলে অবস্থান না করা, (গ) প্রবাহ পরিমাপ কাজ শেষে জ্বালানি ট্যাংকে আপদকালীন সময়ে ব্যবহারের জন্যে রক্ষিত অতিরিক্ত জ্বালানি নিয়মিতভাবে স্থানীয় বাজারে বিক্রি করা, (ঘ) তিনি ক্যাটামারান-৩৪ এর স্টিয়ারিং/থ্রোটল ক্যাবল, প্রোপেলার ইত্যাদি বিভিন্ন যন্ত্রাংশ ইচ্ছাকৃতভাবে নষ্ট করা এবং প্রবাহ পরিমাপের সময় ইচ্ছাকৃতভাবে ক্যাটামারান চরের উপর তুলে দিয়ে পরিমাপ কাজে বিঘ্ন ঘটানো এবং সরকারি সম্পত্তির ক্ষতি সাধন করা এবং (ঙ) প্রায়ই জনাব মোঃ এম. আলম শাহ, লস্কর এর সহিত দুর্ব্যবহার করা এবং মারধর করা সংক্রান্ত অভিযোগে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ অনুযায়ী শৃংখলা পরিদপ্তরের স্মারক নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩৪০.২১-২৪২ তারিখঃ ৩১-০৭-২০২২ খ্রিঃ এর মাধ্যমে তার বিরুদ্ধে অভিযোগনামা প্রেরণ পূর্বক ১০(দশ) কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি দাখিলের জন্যে নির্দেশনা প্রদান করা হয়।

২। জনাব মোঃ বাদশা মোল্লা. স্পীড বোট ড্রাইভার এর বিরুদ্ধে সূচিত কার্যধারায় উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে তিনি লিখিত বিবৃতি দাখিল করেন। তার দাখিলকৃত লিখিত বিবৃতি পর্যালোচনান্তে কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক কার্যধারায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩৪০.২১-২৯৩ তারিখঃ ০৮-০৯-২০২২ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তৎপ্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুসঙ্গিক সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে জনাব মোঃ বাদশা মোল্লা, স্পীড বোট ড্রাইভার কর্তৃক প্রায় ৭০০ (সাতশত) লিটার পরিমাণ জ্বালানী বিক্রয় করা হয়েছে যার বর্তমান বাজার মূল্য প্রায় ৯০,০০০(নব্বই হাজার) টাকা নির্ধারণ করায় উক্ত টাকা তার পেনশন/আনুতোষিক হতে আদায় করার বিষয়ে কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। অতএব, কর্তৃপক্ষের উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোঃ বাদশা মোল্লা, স্পীড বোট ড্রাইভার, শিমরাইল পানি বিজ্ঞান উপ-বিভাগ, বাপাউবো, শিমরাইল, নারায়ণগঞ্জ কর্তৃক প্রায় ৭০০ (সাতশত) লিটার পরিমাণ জ্বালানী বিক্রয় করা হয়েছে যার বর্তমান বাজার মূল্য প্রায় ৯০,০০০(নব্বই হাজার) টাকা নির্ধারণ করায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(আ) মোতাবেক উক্ত টাকা তার পেনশন/আনুতোষিক হতে আদায়ের দণ্ড আরোপ করা হলো।

৫। এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

৩০/১১/২০২৩

(মোঃ নোমান ফরিদ)
পরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৬০৮০৫০০২

ডায়েরী নং ৭৫৫৭
তারিখঃ ৩/১২/২৩
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
হিসাব রক্ষক
অফিস সহ কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক
জরুরী/অতি জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
আলোচনা করুন
নথিতে রাখুন
০৩/১২/২০২৩
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

অঃপৃঃদ্রঃ

E:\Quddus\Punishment.doc9

নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩৪০.২১-৪৩৯(১১)

তারিখঃ ১৫-০৮-১৪৩০ বঙ্গাঃ
৩০-১১-২০২৩ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১. প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান, বাপাউবো, ঢাকা।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রসেসিং এন্ড ফ্লাড ফোরকাস্টিং সার্কেল, বাপাউবো, ঢাকা।
৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৪. পরিচালক, কর্মচারী/হিসাবরক্ষণ/অডিট/অর্থ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্যে অনুরোধ করা হলো।
৬. সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৭. নির্বাহী প্রকৌশলী, নির্মাণ ও যন্ত্রায়ন বিভাগ, বাপাউবো, ঢাকা।
৮. উপবিভাগীয় প্রকৌশলী, শিমরাইল পানি বিজ্ঞান উপ-বিভাগ, বাপাউবো, শিমরাইল, নারায়ণগঞ্জ।
৯. হিসাবরক্ষণ কর্মকর্তা, গ্রীন রোড আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা।
১০.ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
১১.জনাব মোঃ বাদশা মোল্লা (পিআরএল ভোগরত), স্পীড বোট ড্রাইভার, শিমরাইল পানি বিজ্ঞান উপ-বিভাগ, বাপাউবো, শিমরাইল, নারায়ণগঞ্জ ।

৩০।১১।২৩

(শেখ মোঃ আবদুল খালেদ)
উপ পরিচালক (চঃদাঃ)
পরিচিতি নম্বর-৭১১২১৬০০১

৩০।১১।২৩

E:\Quddus\Punishment.doc10